

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ১৫১/২০১৬

অভিযোগকারী : জনাব বশির আহম্মদ
পিতা-হাজী রুস্তম আলী
সাবেক প্রবাস রেষ্ট হাউজ, লাকসাম
ষ্টেডিয়াম রোড, নশরতপুর, লাকসাম
কুমিল্লা।

প্রতিপক্ষ : জনাব মাহবুবুর রহমান
এম.ডি
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন
হাউজ নং-০৫, হাজী রোড, রূপনগর
মিরপুর, ঢাকা।

সিদ্ধান্তপত্র

(তারিখ : ০৩-০৮-২০১৬ ইং)

অভিযোগকারী ১৯-০৪-২০১৬ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব মাহবুবুর রহমান, এম.ডি ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন, হাউজ নং-০৫, হাজী রোড, রূপনগর, মিরপুর, ঢাকা বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

কুমিল্লা জেলার সদর দক্ষিণ উপজেলার পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) এর উপজেলা অফিসার মোঃ আবুল বাসার মজুমদার প্রথম শ্রেণির সরকারী অফিসার কিনা? এই মর্মে আপনার নিকট লিখিত মতামত চাহিয়া আবেদন। তাছাড়া প্রতিষ্ঠানটি সরকারি/আধা সরকারি/স্বায়ত্বশাসিত বা আধা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান কিনা? এর সদয় মতামত।

২। নির্ধারিত সময়ের মধ্যে যাচিত তথ্য না পেয়ে অভিযোগকারী ১৮-০৫-২০১৬ তারিখে জনাব আব্দুল মালেক, সচিব ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), স্থানীয় সরকার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদনের পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ০৬-০৬-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

৩। ১০-০৭-২০১৬ তারিখের সভায় অভিযোগটি পর্যালোচনান্তে শুনানীর জন্য গ্রহণ করা হয়। অভিযোগের বিষয়ে ০৩-০৮-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়। অদ্য ০৩-০৮-২০১৬ তারিখ শুনানীতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার পক্ষে বিজ্ঞ এ্যাডভোকেট হাজির।

৪। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে রেজিস্ট্রি ডাকযোগে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন। তিনি আরো বলেন যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তার চাহিত তথ্যাদি প্রদান না করায় সংশ্লিষ্ট হয়ে তিনি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ দায়ের করেন এবং প্রার্থিত তথ্য পাওয়ার জন্য তথ্য কমিশনের নির্দেশনা কামনা করেন।

৫। প্রতিপক্ষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার পক্ষে বিজ্ঞ এ্যাডভোকেট, তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারীর তথ্য প্রাপ্তির আবেদনপত্র সম্পর্কে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অবগত না থাকায় যথাসময়ে তথ্য সরবরাহ করতে পারেন নি। তথ্য কমিশনের সমনের সাথে সংযুক্ত তথ্য প্রাপ্তির আবেদনপত্রের মাধ্যমে অভিযোগকারীর চাহিত তথ্যাদি সম্পর্কে জানতে পারেন। এরই পরিপ্রেক্ষিতে অভিযোগকারীকে তার যাচিত তথ্য সরবরাহ করার জন্য প্রস্তুত করা হয়েছে। শুনানীঅন্তে অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্যাদি প্রদান করা হবে মর্মে তিনি কমিশনকে অবহিত করে অত্র অভিযোগ থেকে অব্যাহতি চেয়ে তিনি কমিশনের নিকট প্রার্থনা করেন এবং জবাবের ১টি কপি কমিশনে দাখিল করেন।

পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার পক্ষে বিজ্ঞ এ্যাডভোকেট অভিযোগকারীর চাহিত সকল তথ্যাদি পুনরায় সুচারুভাবে সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করেন। তবে তথ্য কমিশনে দাখিলকৃত জবাব পর্যালোচনায় দেখা যায় যে, পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তার পদটি ১ম শ্রেণীর পদ এবং এ পদে কর্মরত জনাব আবুল বাশার মজুমদার একজন প্রথম শ্রেণীর কর্মকর্তা। পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালকের উচ্চরূপ বক্তব্য সঠিক। কিন্তু তিনি কৌশলে মূল চাহিদাটি এড়িয়ে গিয়েছেন। তথ্য চাওয়া হয়েছিল উল্লেখিত কর্মকর্তা ১ম শ্রেণীর সরকারী কর্মকর্তা ও উক্ত প্রতিষ্ঠানটি সরকারী কিনা। উল্লেখ্য, Government Servant ও Public Servant এক নয় এবং Government Organisation ও Public Organisationও এক নয়। উভয় বিষয়ে স্পষ্ট করে জবাব দেওয়া প্রয়োজন মর্মে কমিশনের নিকট প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে এই সিদ্ধান্ত প্রাপ্তির পরবর্তী ১৫ কার্যদিবসের মধ্যে অভিযোগকারীকে তার প্রার্থিত পূর্ণাঙ্গ তথ্য উপর্যুক্ত পর্যালোচনার আলোকে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য জনাব মাহবুবুর রহমান, এম.ডি ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন, হাউজ নং-০৫, হাজী রোড, রূপনগর, মিরপুর, ঢাকা কে নির্দেশনা দেয়া হলো এবং তথ্যের মূল্য নির্ধারণ করে অভিযোগকারীকে মূল্য পরিশোধের জন্য ৫ কার্যদিবস সময় দিয়ে পত্র প্রেরণের জন্য নির্দেশনা দেয়া হলো।

২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।

৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত

(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত

(নেপাল চন্দ্র সরকার)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত

(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)
প্রধান তথ্য কমিশনার